

কোর্ট ট্রাস্ট, প্রধান কার্যালয়, ঢাকা। ১২ জুন, ২০১৮

প্রতি : নোটিশ বোর্ডের মাধ্যমে সংস্থার সকল কর্মী

হতে : পরিচালক

বিষয় : আত্মীয় সংক্রান্ত **Conflict of Interest** ঘোষণাপত্র সম্পাদনপূর্বক প্রেরণ প্রসঙ্গে।

প্রিয় সহকর্মীবৃন্দ,

আপনাদের অবগতি এবং প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নিম্নলিখিত বিষয়গুলো আপনাদের বরাবরে উপস্থাপন করা হলো:

১. মানব সম্পদ নীতিমালা ২০১৩ অনুযায়ী, সংস্থায় আত্মীয়স্বজন নিয়োগ দানের সুযোগ আছে। এ সূত্র ধরে ইতিমধ্যে সংস্থার বিভিন্ন পর্যায়ে আত্মীয়স্বজন কাজ করছেন। তাই অপেক্ষাকৃত উর্ধ্বতন কর্মী তার আত্মীয়ের জন্য “আত্মীয় সংক্রান্ত **Conflict of Interest** ঘোষণাপত্র” সম্পন্ন করবেন এবং ৩০ জুন ২০১৮ তারিখের মধ্যে স্ব স্ব অফিসে জমা দেবেন। পরবর্তীতে কোন আত্মীয় নিয়োগ পাওয়ার ৭ দিনের মধ্যে কেন্দ্রীয় মানব সম্পদ বিভাগে এ ঘোষণাপত্রটি নিজ দায়িত্বে পাঠানো নিশ্চিত করবেন।
২. এ ঘোষণাপত্রটি সংশ্লিষ্ট অফিস প্রধান, আরপিএস/আরটিএল এর মাধ্যমে আগামী ১০ জুলাই, ২০১৮ তারিখের মধ্যে কেন্দ্রীয় মানব সম্পদ বিভাগে পাঠাতে হবে। মানব সম্পদ বিভাগ মূলকপি ঘোষণাকারীর ব্যক্তিগত ফাইলে এবং এর একটি অনুলিপি যে কর্মীর জন্য অঙ্গীকার করেছেন তার ব্যক্তিগত ফাইলে সংরক্ষণ নিশ্চিত করবে।
৩. এটি অনুসরণ না করলে তা **Misconduct** এর আওতায় পড়বে এবং সে প্রেক্ষিতে সংস্থার মানব সম্পদ ব্যবস্থাপনা নীতিমালা অনুযায়ী সংশ্লিষ্টদের বিরুদ্ধে প্রশাসনিক ব্যবস্থা নেয়া হবে।
৪. এ সার্কুলারটি অনতিবিলম্বে কার্যকর হবে এবং এটি আপনার এলাকায়, শাখায়, প্রকল্প অফিসে ও সেন্টারে আগামী এক মাস সবার অবগতির জন্য নোটিশ বোর্ডে বুলিয়ে রাখবেন।
৫. এ সার্কুলারটির সাথে যদি কেউ দ্বিমত পোষণ করেন তাহলে যেকোন মাধ্যমে নিম্ন স্বাক্ষরকারীকে আগামী ১৫ জুলাই ২০১৮ তারিখের মধ্যে অবহিত করার জন্য অনুরোধ করা হলো।

ধন্যবাদসহ



সনত কুমার ভোমিক

অনুলিপি

নির্বাহী পরিচালক

সকল উপ ও সহকারি পরিচালক

অফিস কপি

12.06.2018

সংযুক্তি:

**Conflict of Interest Policy**

ঘোষণাপত্র ফরমেট